



## ইরানকে স্বাভাবিক দেশের মতো আচরণের আহ্বান যুক্তরাষ্ট্রের



যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট ভ্যাস। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জে. ডি. ভ্যাস বলেছেন, ওয়াশিংটনের লক্ষ্য ইরানকে আন্তর্জাতিক নিয়মকানুনের মধ্যে আনা। সিবিএস নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, প্রস্তাবিত শর্ত মানলে ইরান ধীরে ধীরে আন্তর্জাতিক অর্থনৈতিক সুবিধা পেতে পারে। এর মধ্যে রয়েছে সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত কমানো, সন্ত্রাসবাদে অর্থায়ন বন্ধ এবং বিদেশি বিনিয়োগের পরিবেশ তৈরি করা।

ভ্যাস আরও বলেন, দীর্ঘমেয়াদে পারমাণবিক অস্ত্র তৈরি থেকে ইরানকে বিরত রাখতে হবে। চুক্তির গুরুত্বপূর্ণ অংশ হিসেবে ইউরেনিয়াম মজুত নিয়ন্ত্রণ ও ধ্বংসের বিষয়টি আন্তর্জাতিক সংস্থার তত্ত্বাবধানে থাকবে।

তিনি ২০১৫ সালের পারমাণবিক চুক্তিকে কার্যকর না বলে মন্তব্য করেন। তার মতে, বর্তমান নীতিতে ইরানের সক্ষমতা সীমিত করা হয়েছে এবং ভবিষ্যতে পুনর্গঠনের সুযোগ কমিয়ে আনা হচ্ছে।

নতুন কাঠামো অনুযায়ী, ইরান দীর্ঘমেয়াদে পারমাণবিক কর্মসূচি না বাড়ানোর প্রতিশ্রুতি দিলে আন্তর্জাতিক সহযোগিতা ও অর্থনৈতিক সুবিধা পাওয়ার সুযোগ তৈরি হতে পারে।